

আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ১৫

আরবি মূল আয়াত:

وَلَقَدْ تَرَكْنَهَا آيَةً فَهَلْ مِنْ مُدَكِّرٍ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

আর আমি তাকে নিদর্শন হিসেবে রেখেছি। অতএব কোন উপদেশ গ্রহণকারী আছে কি? — আল-বায়ান

এ (ঘটনা) টিকে আমি (চিরকালের জন্য) নিদর্শন হিসেবে রেখে দিলাম, অতএব উপদেশ গ্রহণ করার কেউ আছে কি? — তাইসিরুল

আমি এটাকে রেখে দিয়েছি এক নিদর্শনরূপে; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি? — মুজিবুর রহমান

And We left it as a sign, so is there any who will remember? — Sahih International

১৫. আর অবশ্যই আমরা এটাকে রেখে দিয়েছি। এক নিদর্শনরূপে(১); অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি?

(১) আয়াতের এ অর্থও হতে পারে যে, আমরা এ আযাবকে শিক্ষণীয় নিদর্শন বানিয়ে দিয়েছি। তবে অগ্রাধিকার যোগ্য অর্থ হচ্ছে, সে জাহাজকে শিক্ষণীয় নিদর্শন বানিয়ে দেয়া হয়েছে। একটি সুউচ্চ পর্বতের ওপরে তার অস্তিত্ব টিকে থাকা হাজার হাজার বছর ধরে মানুষকে আল্লাহর গযব সম্পর্কে সাবধান করে আসছে। তাদেরকে স্মরণ করিয়ে দিচ্ছে যে, এ ভূ-খণ্ডে আল্লাহর নাফরমানদের জন্য কি দুর্ভাগ্য নেমে এসেছিল এবং ঈমান গ্রহণকারীদের কিভাবে রক্ষা করা হয়েছিল। [দেখুন: কুরতুবী; ফাতহুল কাদীর]

তাকসীরে জাকারিয়া

(১৫) আমি এটাকে এক নিদর্শনরূপে রেখে দিয়েছি;[১] অতএব উপদেশ গ্রহণকারী কেউ আছে কি? [২]

[১] تَرَكْنَهَا এর মধ্যে هَا (এটা) সর্বনামের লক্ষ্য হল سَفِينَةً (নৌযান)। অথবা فَعَلَةً (উক্ত কর্ম)। অর্থাৎ, আমি এই নৌযান বা কর্মকে এক নিদর্শনরূপে রেখে দিয়েছি।

[২] مُدَكِّرٍ এর প্রকৃত রূপ ছিল مَذَكِّرٌ 'তা' অক্ষরটিকে 'দাল' অক্ষর দ্বারা পরিবর্তন করা হয় এবং ذ 'যাল' অক্ষরকে 'দাল' বানিয়ে দালকে দালের মধ্যে সন্ধি ঘটানো হয়। অর্থ হল, শিক্ষা ও উপদেশ গ্রহণকারী। (ফাতহুল কাদীর)

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4861>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন